

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৯, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৬৫-আইন/২০২৫/২৭৮-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা (Heading) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহের ক্ষেত্রে কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত পরিমাণ মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ	মূল্য সংযোজন কর হার
(১)	(২)	(৩)	(৪)
১৯.০৫	সংশ্লিষ্ট এইচ.এস. কোড	মেশিনে প্রস্তুত বিস্কুট হাতে তৈরি বিস্কুট (প্রতি কেজি ২০০ টাকা মূল্যমানের উর্ধ্বে) কেক (প্রতি কেজি ৩০০ টাকা মূল্যমানের উর্ধ্বে)	৭.৫%

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১১১)

মূল্য : টাকা ৪.০০